দৈনিক ইত্তেফাক

তারিখ 31 OCT 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

34

## যশোর বোর্ডের এসএসসি পরীক্ষা

# পাইকারী হারে ফলাফল ফাঁস

|| যশোর অফিস || প্রকাশের আগেই যশোর শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের এসএসসি পরীক্ষার অধিকাংশ ফলাফল ফাঁস হইয়া গিয়াছে। টেবুলেশনের কাজে নিয়োজিত এক শ্রেণীর শিক্ষক প্রতি বছর এই বোর্ডের এস এস সি এবং এইচ এস সি পরীক্ষার কিছু ফলাফল পূর্বেই ফাঁস করিয়া দেন বলিয়া অভিযোগ রহিয়াছে। কিন্তু এবার এস এস (১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ফলাফল ফাঁস

(১ম পৃঃ পর)

সি পরীক্ষার ফলাফল ফাঁসের মাত্রা নজিরবিহীন। বৃহত্তর যশোর, কুষ্টিয়া, খুলনা এবং সাতক্ষীরা জেলার উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষার্থী এবারের এস এসসি'র ফলাফল প্রকাশের আগেই জানিয়া গিয়াছে। এমনকি প্রাপ্ত নম্বরসহ মেধা তালিকার গোপনীয়তাও বোর্ড কর্তৃপক্ষ রক্ষা করিতে পারেন নাই।

গতকাল (বুধবার) সাতক্ষীরা শহরে ১৯৯১ সালের এসএসসি'র ফলাফল বিক্রির হিড়িক পড়ে। মাইকে প্রচার চালাইয়া কতিপয় ব্যক্তিকে শহরের কামালনগর এবং নজিতপুর এলাকায় 'গেজেট'-এর ফটোষ্ট্যাট কপি হাতে লইয়া ফলাফল বিক্রি করিতে দেখা যায়। ফলাফল জানার জন্য গতকাল দুপুর হইতে অনেক ছাত্র-ছাত্রী ও অভিভাবক গ্রামাঞ্চল হইতে শহরে আসিয়া ভীড় জমায়। ফলাফল বিক্রেতারা প্রথম বিভাগে উত্তীর্ণদের নিকট হইতে মাথাপিছু ৫০, দ্বিতীয় বিভাগের জন্য ৪০, তৃতীয় বিভাগের জন্য ৩০ এবং ফেল বাবদ ১০ টাকা করিয়া আদায় করে বলিয়া জানা গিয়াছে। আজ (বৃহস্পতিবার) উক্ত বোর্ডের এস এস সি পরীক্ষার ফলাফল আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হইতেছে।

এ ব্যাপারে মন্তব্যের জন্যে যশোর শিক্ষা বোর্ডে যোগাযোগ করা হইলে চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক কিম্বা অন্য কোন দায়িত্বশীল কর্মকর্তাকে পাওয়া যায় না।